তারিখ ..27 FEB 2017...
পৃষ্ঠা ...৫... কলাম...২...

সংবাদ

# রাজশাহীতে কোচিং সেন্টার নিষিদ্ধের দাবিতে মানববন্ধন

প্রতিনিধি, রাজশাহী

সব শিক্ষাপ্রতিষ্ঠানে বাধ্যতামূলক বাংলায় পাঠদান চালু, কোচিং সেন্টার নিষিদ্ধ ও সাম্প্রদায়িকতামুক্ত পাঠ্যপুস্তক প্রণয়নের দাবিতে রাজশাহীতে মানববন্ধন অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেল সাড়ে ৪টায় নগরের আলুপট্টি বঙ্গবন্ধু চত্বরে এই মানববন্ধনের আয়োজন করে রাজশাহী থিয়েটার ও শিশু সংগঠন ভোর হলো।

মানববন্ধনে বক্তারা বলেন, কোচিং সেন্টার নির্ভর শিক্ষাব্যবস্থার ফলে আমাদের শিক্ষাব্যবস্থা এখন ধ্বংসের দারপ্রান্তে। প্রতিটি পাবলিক পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁস হচ্ছে, হেফাজতিদের প্রেসক্রিপশন অনুযায়ী পাঠ্যপুস্তক পরিবর্তন করা হচ্ছে, শিশুদের ওপর চাপিয়ে দেয়া হচ্ছে বস্তা বস্তা বই। ফলে কোমলমতি শিশুরা সঠিক শিক্ষায় শিক্ষিত হয়ে উঠতে পারছে না। প্রতিযোগিতামূলক শিক্ষা ব্যবস্থার কারণে তারা কেবল জিপিএ-৫ অর্জন করছে কিন্তু মানবিক হয়ে উঠতে পারছে না। এই ব্যবস্থা চলতে থাকলে বাংলাদেশের আগামী প্রজন্ম চরমভাবে ক্ষতিগ্রস্ত হবে। বক্তারা বলেন, দেশের ভবিষ্যৎকে সুন্দর করতে শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজাতে হবে। কোচিং কিংবা গাইড বই নয়, বিদ্যালয়গুলোকেই শিক্ষা অর্জনের একমাত্র স্থান হিসেবে গড়ে তুলতে হবে।